# উন্নয়ন বার্তা

খুলনা জেলা প্রশাসনের ত্রৈমাসিক প্রকাশনা

মার্চ - মে, ২০১৯ । সংখ্যা- ২











জেলা প্রশাসন, খুলনা

www.khulna.gov.bd

## বাণী



বাঙালি জাতিকে বহু আরাধ্য স্বাধীনতা এনে দিয়েছেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। অর্থনৈতিক মুক্তির সংগ্রাম শুরু করলেও তিনি তা শেষ করে যেতে পারেননি। তাঁর সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাঙালি জাতিকে অর্থনৈতিক মুক্তির স্বাদ এনে দিতে নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। তাঁর নেতৃত্বে প্রতিটি জেলার ন্যায় খুলনাতেও ব্যাপক উন্নয়ন কর্মকাণ্ড চলমান রয়েছে। জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেন এই উন্নয়ন কর্মকাণ্ডকে এগিয়ে নিচ্ছেন তাঁর সহজাত নেতৃত্বগুণে। 'উন্নয়ন বার্তা' নামক প্রকাশনার মাধ্যমে উন্নয়নের এই বার্তা পৌঁছে যাচ্ছে জনগণের কাছে। তাদের মধ্যে বৃদ্ধি পাচ্ছে উন্নয়ন-সচেতনতা। প্রকারান্তরে জনসাধারণ এই উন্নয়ন প্রক্রিয়ায় অংশ নিচ্ছে। তাই 'উন্নয়ন বার্তা' এর দ্বিতীয় সংখ্যা প্রকাশিত হচ্ছে জেনে আমি অত্যন্ত আনন্দিত।

আমি 'উন্নয়ন বার্তা' এর দ্বিতীয় সংখ্যাটির সাফল্য কামনা করছি এবং এই প্রকাশনার সাথে জড়িত সকলকে অভিনন্দন জানাচ্ছি।

লোকমান হোসেন মিয়া
বিভাগীয় কমিশনার, খুলনা

## বাণী



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা গড়ে তুলতে তাঁরই সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে নিরলসভাবে কাজ করে চলেছে জনপ্রশাসন। ২০৪১ সালের মধ্যে উন্নত বাংলাদেশ গড়ার প্রত্যয়ে জনগণের মৌলিক চাহিদা পূরণপূর্বক মানসম্মত উচ্চ শিক্ষা, উন্নত স্বাস্থ্য, নিরাপদ খাদ্য, পর্যাপ্ত অবকাঠামো, সামাজিক নিরাপত্তা, তথ্য প্রযুক্তির ব্যবহারসহ সামাজিক ও অর্থনৈতিক প্রতিটি ক্ষেত্রে চলছে উন্নয়নের মহাযজ্ঞ। খুলনাতেও এই উন্নয়নের ধারা চলমান। খুলনার উন্নয়নের খবর জনগণের কাছে পৌঁছে দিতে জেলা প্রশাসনের উদ্যোগে প্রকাশিত হচ্ছে 'উন্নয়ন বার্তা' নামক ত্রৈমাসিক সাময়িকীটি। 'উন্নয়ন বার্তা' এর প্রথম সংখ্যা খুলনার জনগণের মাঝে ব্যাপক সাড়া ফেলেছে জেনে আমি আনন্দিত। প্রথম প্রকাশের সাফল্যের ধারাবাহিকতায় প্রকাশিত হতে যাচ্ছে এটির দ্বিতীয় সংখ্যা যা খুলনার ধারাবাহিক উন্নয়নের সাক্ষ্য বহন করবে বলে আমি আশাবাদী।

এই প্রকাশনার সাথে জড়িত সকলকে জানাচ্ছি আন্তরিক অভিবাদন।

মোহাম্মদ হেলাল হোসেন
জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা

## বাণী



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে শামিল হওয়াই হবে তাঁর প্রতি সর্বোচ্চ সম্মান প্রদর্শন। জাতির পিতার দেখানো পথে তাঁরই সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশে সমগ্র বাঙালি জাতি এই উন্নয়ন প্রক্রিয়ায় যুক্ত হয়েছে। জনপ্রশাসন কাজ করছে এই উন্নয়ন প্রক্রিয়াকে এগিয়ে নিতে। খুলনার সুযোগ্য জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট জনাব মোহাম্মদ হেলাল হোসেন মহোদয়ের দৃঢ় নেতৃত্বে ত্বরান্বিত হচ্ছে খুলনার উন্নয়ন কর্মযজ্ঞ। 'উন্নয়ন বার্তা' এর প্রথম সংখ্যায় চিত্রিত উন্নয়নের খবর আজ পৌঁছে গেছে জনগণের দোরগোড়ায়। খুলনার সুধী সমাজ এই উন্নয়ন কর্মকান্ড নিয়ে সুচিন্তিত মতামত ব্যক্ত করছেন। এভাবেই খুলনার আপামর জনসাধারণ উন্নয়ন প্রক্রিয়ায় সম্পৃক্ত হচ্ছে। জনগণকে উন্নয়ন প্রক্রিয়ায় আরো সম্পৃক্ত করতে এবং খুলনার উন্নয়নের প্রামাণ্যচিত্র লিপিবদ্ধ করতে প্রকাশিত হচ্ছে 'উন্নয়ন বার্তা' এর দ্বিতীয় সংখ্যা। প্রথম সংখ্যার মত এই সংখ্যাটিও সাফল্যমণ্ডিত হবে মর্মে আমি আশাবাদী।

'উন্নয়ন বার্তা' প্রকাশে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য আমি জেলা প্রশাসক, খুলনা মহোদয়কে আন্তরিক কৃতজ্ঞতা জানাচ্ছি এবং 'উন্নয়ন বার্তা' প্রকাশনা কমিটির সকলকে তাদের অক্লান্ত পরিশ্রমের জন্য জানাচ্ছি আন্তরিক ধন্যবাদ।

জিয়াউর রহমান
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খুলনা
ও আহ্বায়ক, উন্নয়ন বার্তা প্রকাশনা কমিটি

## এসডিজি বাস্তবায়ন কর্মশালায় মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মোঃ নজিবুর রহমান

'সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা' অর্জনে সাফল্যের পর জাতিসংঘ কর্তৃক গৃহীত 'টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG)-২০৩০' বাস্তবায়নে কাজ শুরু করেছে সরকার। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশের সকল জেলায় জেলা প্রশাসন সকল দপ্তরকে সমন্বিত করে এসডিজি অর্জনের কাজ এগিয়ে নিচ্ছে। তারই ধারাবাহিকতায় ২ মার্চ, ২০১৯ তারিখে অনুষ্ঠিত হয় স্থানীয় পর্যায়ে টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) বাস্তবায়ন কর্মশালা। বিভাগীয় প্রশাসন, খুলনা'র আয়োজনে এ কর্মশালায় প্রধান অতিথি হিসেবে অংশগ্রহণ করেন মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মোঃ নজিবুর রহমান। জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনের সার্বিক তত্ত্বাবধানে ও জেলা প্রশাসনের সামগ্রিক অংশগ্রহণে আয়োজিত এ কর্মশালায় আরো উপস্থিত ছিলেন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মিজ্ জুয়েনা আজিজ, নৌ পরিবহন মন্ত্রণালয়ের সচিব মোঃ আবদুস সামাদ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সচিব মোঃ আসাদুল ইসলাম, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সচিব মোঃ কামাল উদ্দিন তালুকদার, জিআইইউ এর মহাপরিচালক মোঃ আশরাফ উদ্দিন প্রমুখ। কর্মশালাটিতে সভাপতিত্ব করেন বিভাগীয় কমিশনার, খুলনা লোকমান হোসেন মিয়া।



এসডিজি বাস্তবায়ন কর্মশালায় বিভিন্ন মন্ত্রণালয়ের সচিবগণসহ মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মোঃ নজিবুর রহমান



মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিবের 'রূপসা মডেল' পরিদর্শন

'রূপকল্প-২০২১', 'টেকসই উন্নয়ন অভীষ্ট- ২০৩০' এবং 'রূপকল্প-২০৪১' বাস্তবায়নে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক গৃহীত ১০টি বিশেষ উদ্যোগের অন্যতম 'আশ্রয়ন প্রকল্প'। আশ্রয়ন প্রকল্পের আওতায় 'রূপসা মডেল' এক অনন্য সৃষ্টি, যা দিয়েছে সুন্দর, টেকসই ও নিরাপদ আবাসস্থল। বিভাগীয় কমিশনার, খুলনা লোকমান হোসেন মিয়ার নির্দেশনায় এবং জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনের সার্বিক তত্ত্বাবধানে রূপসা উপজেলার উপজেলা নির্বাহী অফিসার মোঃ ইলিয়াছুর রহমান সরকার কর্তৃক নির্ধারিত ১ লক্ষ টাকা বাজেটের মধ্যে টিনের ঘরের পরিবর্তে পাকা ঘরসহ এ্যাটাস্‌ড বাথরুম নির্মাণ করে দেন। বাংলাদেশের উপজেলা পর্যায়ে গৃহীত সর্বপ্রথম এই প্রচেষ্টা অভাবনীয় সৃষ্টিশীল চিন্তা ও উদ্ভাবনী উদ্যোগের অনন্য নজির স্থাপন করে। ৩ মার্চ, ২০১৯ তারিখে জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনের সার্বিক তত্ত্বাবধানে এই ব্যতিক্রমধর্মী উদ্যোগ পরিদর্শনে এবং ঘরের চাবি হস্তান্তর করতে রূপসা উপজেলায় যান মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মোঃ নজিবুর রহমান, বিভাগীয় কমিশনার, খুলনা লোকমান হোসেন মিয়া ও বিভিন্ন মন্ত্রণালয়ের সচিবগণ। এ উদ্ভাবনী উদ্যোগ আজ বিভিন্ন উপজেলায় অনুসরণীয় দৃষ্টান্ত। উল্লেখ্য, এই অনন্যসাধারণ উদ্ভাবনী উদ্যোগের জন্য বিভাগীয় কমিশনার, খুলনা লোকমান হোসেন মিয়া, জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন এবং উপজেলা নির্বাহী অফিসার, রূপসা মোঃ ইলিয়াছুর রহমান দলগতভাবে জনপ্রশাসন পদক, ২০১৯-এ ভূষিত হন।

## বিভাগীয় পর্যায়ের ইনোভেশন শোকেসিং এর শুভ উদ্বোধন

২৩ এপ্রিল, ২০১৯ তারিখে বিভাগীয় পর্যায়ের ইনোভেশন শোকেসিং এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিভাগীয় কমিশনার, খুলনা লোকমান হোসেন মিয়া। উক্ত অনুষ্ঠানটিতে সভাপতিত্ব করেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন। এসময় আরো উপস্থিত ছিলেন ড. মোঃ হুমায়ুন কবীর, যুগ্মসচিব, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয়।




বিভাগীয় পর্যায়ের ইনোভেশন শোকেসিং এর উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন

## খুলনা-মোংলা রেলপথ নির্মাণ কাজ পরিদর্শন

রেলপথে মোংলা সমুদ্র বন্দরে পণ্য আনা-নেয়া ও যাত্রী চলাচলের সুবিধার্থে দেশের মূল রেলওয়ে নেটওয়ার্কের সাথে মোংলা বন্দরকে সংযুক্ত করতে খুলনা-মোংলা রেলপথ নির্মাণের প্রকল্প গৃহীত হয়। ৯ এপ্রিল, ২০১৯ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক গৃহীত দীর্ঘ প্রতীক্ষিত খুলনা-মোংলা রেলপথ নির্মাণ কাজ পরিদর্শন করেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন। এ সময় পুলিশ সুপার, খুলনা ও জেলা প্রশাসনের অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।



খুলনা-মোংলা রেলপথ নির্মাণ কাজ পরিদর্শন করছেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন





# ঐতিহাসিক ৭ই মার্চ উদযাপন





৭ই মার্চ বাঙালিদের জীবনে এক ঐতিহাসিক গুরুত্ববহ দিন। এই দিনে 'রাজনীতির কবি' হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান তাঁর বজ্রকণ্ঠে উচ্চারণ করেন "এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম"। কালজয়ী এ ভাষণ রাজনীতির বিভক্ত স্রোতধারাকে একটি ধারায় পরিণত করে মুক্তিযুদ্ধে ধাবিত করে যার ফলে জাতি পায় বাংলাদেশ নামের একটি স্বাধীন ভূখন্ড। বাঙালির মননে চির জাগরুক এ ভাষণ UNESCO স্বীকৃত 'Documentary Heritage' বা 'বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য' এর 'Memory of the World Register'-এ স্থান করে নিয়েছে। বিশ্বজয়ী ভাষণটির স্মরণে এবং তরুণ প্রজন্মকে মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ করতে বিভাগীয় প্রশাসন, খুলনা ও জেলা প্রশাসন, খুলনা যৌথভাবে 'ক্ষুদে বঙ্গবন্ধু সমাবেশ' নামক এক অভিনব উদ্যোগ গ্রহণ করে। ৭ মার্চ, ২০১৯ তারিখে খুলনা জিলা স্কুলে অনুষ্ঠিত 'ক্ষুদে বঙ্গবন্ধু সমাবেশ'-এ খুলনা বিভাগের দশ জেলা থেকে এক হাজার শিক্ষার্থী সমবেত হয়। হাজারো কণ্ঠে সমস্বরে উচ্চারিত হয় বঙ্গবন্ধুর কালজয়ী ভাষণটি। জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনের সভাপতিত্বে এই মাহেন্দ্রক্ষণে প্রধান অতিথি ছিলেন খুলনা সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র তালুকদার আব্দুল খালেক এবং প্রধান আলোচক ছিলেন বিভাগীয় কমিশনার, খুলনা লোকমান হোসেন মিয়া। এ সময় স্বাগত বক্তব্য প্রদান করেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খুলনা ও 'ক্ষুদে বঙ্গবন্ধু সমাবেশ' বাস্তবায়ন কমিটির সদস্য জিয়াউর রহমান।



ক্ষুদে শিক্ষার্থীদের কণ্ঠে ৭ই মার্চের ভাষণ



৭ই মার্চের কালজয়ী ভাষণ উপলক্ষে আয়োজিত 'ক্ষুদে বঙ্গবন্ধু সমাবেশ'-এ বক্তব্য রাখছেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন

## 'মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিশেষ ১০ উদ্যোগ ও টেকসই উন্নয়ন অভীষ্ট' সম্পর্কিত মতবিনিময় সভা

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিশেষ ১০ উদ্যোগ হলঃ ১) আমার বাড়ি আমার খামার প্রকল্প, ২) আশ্রয়ন প্রকল্প, ৩) ডিজিটাল বাংলাদেশ, ৪) শিক্ষা সহায়তা কর্মসূচি, ৫) নারীর ক্ষমতায়ন, ৬) ঘরে ঘরে বিদ্যুৎ, ৭) কমিউনিটি ক্লিনিক ও মানসিক স্বাস্থ্য, ৮) সামাজিক নিরাপত্তা কর্মসূচি, ৯) বিনিয়োগ বিকাশ ও ১০) পরিবেশ সুরক্ষা। এই দশ উদ্যোগ বাস্তবায়নের মাধ্যমে 'টেকসই উন্নয়ন অভীষ্ট' অর্জনের লক্ষ্যে আরো একধাপ এগিয়ে যেতে কাজ করছে বর্তমান সরকার। ১৬ মে, ২০১৯ তারিখে স্থানীয় গণমাধ্যম কর্মী ও অংশীজনদের সাথে 'মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিশেষ ১০ উদ্যোগ ও টেকসই উন্নয়ন অভীষ্ট' সম্পর্কিত মতবিনিময় সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন। অতিরিক্ত প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, ঢাকা ফায়জুল হক এ অনুষ্ঠানটিতে সভাপতিত্ব করেন।





মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিশেষ ১০ উদ্যোগ ও টেকসই উন্নয়ন অভীষ্ট সম্পর্কিত মতবিনিময় সভায় জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন

## এস এম ই পণ্য মেলার উদ্বোধন

৯ মার্চ, ২০১৯ তারিখে জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনের সভাপতিত্বে জেলা প্রশাসনের সার্বিক সহায়তায় ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের উদ্বুদ্ধ করা এবং তাদের তৈরী পণ্য প্রদর্শন করে ব্যবসার প্রসার ঘটানোর জন্য আয়োজিত আঞ্চলিক এস এম ই পণ্য মেলার উদ্বোধন করেন বঙ্গবন্ধুর ভ্রাতুষ্পুত্র ও খুলনা-২ আসনের মাননীয় সংসদ সদস্য সেখ সালাহউদ্দিন জুয়েল।



এস এম ই পণ্য মেলার উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন জেলা প্রশাসক, খুলনা মহাম্মদ হেলাল হোসেন

## 'Stakeholders' Consultation Workshop on PPP Projects in Tourism Sector in Khulna' শীর্ষক কর্মশালা

বাংলাদেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের প্রাণকেন্দ্র খুলনায় রয়েছে পর্যটনের অপার সম্ভাবনা। আর এই সম্ভাবনাকে বাস্তবে পরিণত করতে জেলা প্রশাসন, খুলনা রূপরেখা প্রণয়নপূর্বক তা বাস্তবায়ন করে চলেছে। তারই অংশ হিসেবে ১৯ মে, ২০১৯ তারিখে জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনের সভাপতিত্বে 'Stakeholders' Consultation Workshop on PPP Projects in Tourism Sector in Khulna' শীর্ষক একটি কর্মশালা অনুষ্ঠিত হয়। এতে সম্মানিত অতিথি ছিলেন বঙ্গবন্ধুর ভ্রাতুষ্পুত্র ও খুলনা-২ আসনের মাননীয় সংসদ সদস্য সেখ সালাহউদ্দিন জুয়েল। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বঙ্গবন্ধুর অপর ভ্রাতুষ্পুত্র সেখ সোহেল এবং বিভাগীয় কমিশনার, খুলনা লোকমান হোসেন মিয়া। কর্মশালায় খুলনা অঞ্চলকে পর্যটন খাতে বিকশিত করার লক্ষ্যে নগরীতে আন্তর্জাতিক মানের দু'টি ফাইভ স্টার হোটেল নির্মাণের সম্ভাব্যতা নিয়ে পর্যালোচনা হয়।




'Stakeholders' Consultation Workshop on PPP Projects in Tourism Sector in Khulna' শীর্ষক কর্মশালায় খুলনা-২ আসনের মাননীয় সংসদ সদস্য সেখ সালাহউদ্দিন জুয়েল

## কৃষকদের নিকট থেকে সরাসরি ধান ক্রয় কার্যক্রম

বাজার মূল্যে ধান বিক্রি করে পর্যাপ্ত লাভ না পাওয়ায় কৃষকের নিকট থেকে সরাসরি বাজার মূল্যের থেকে অধিক মূল্যে ধান ক্রয়ের সিদ্ধান্ত গ্রহণ করে সরকার। সারাদেশের ন্যায় খুলনাতেও জেলা প্রশাসক মোহাম্মদ হেলাল হোসেনের নির্দেশনায় বিভিন্ন উপজেলার উপজেলা নির্বাহী অফিসারগণ কৃষকদের নিকট থেকে সরাসরি ধান ক্রয়ের কার্যক্রম পরিচালনা করেন। জেলা প্রশাসক সরাসরি উপস্থিত থেকে এসব কার্যক্রমের সুষ্ঠু ব্যবস্থাপনা তদারকি করেন।



২১ মে, ২০১৯ তারিখে খুলনা জেলার ফুলতলা উপজেলায় কৃষকদের নিকট থেকে সরাসরি ধান ক্রয় কার্যক্রম উদ্বোধন করেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।



২২ মে, ২০১৯ তারিখে খুলনা জেলার দিঘলিয়া উপজেলায় প্রান্তিক কৃষকদের নিকট থেকে সরাসরি ধান ক্রয় কার্যক্রম উদ্বোধন করেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।

## 'স্থানীয় পর্যায়ে টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) বাস্তবায়ন' বিষয়ক কর্মশালার শুভ উদ্বোধন

বিভাগ ও জেলাসমূহে 'স্থানীয় পর্যায়ে টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) বাস্তবায়ন' বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হওয়ার ধারাবাহিকতায় তৃণমূল পর্যায়ে এসডিজি এর বাস্তবায়ন কার্যক্রম সম্প্রসারিত করতে উপজেলা পর্যায়ে এ কর্মশালা আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়। জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনের নির্দেশনায় খুলনার বিভিন্ন উপজেলায় এ কর্মশালা অনুষ্ঠিত হয়। এসব কর্মশালায় জেলা প্রশাসক, খুলনা, সংশ্লিষ্ট উপজেলার উপজেলা নির্বাহী অফিসারগণ এবং বিভাগীয় ও জেলা প্রশাসনের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।




২২ মে, ২০১৯ তারিখে উপজেলা প্রশাসন, দিঘলিয়া কর্তৃক আয়োজিত 'স্থানীয় পর্যায়ে টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) বাস্তবায়ন' বিষয়ক কর্মশালার উদ্বোধন করেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।




২৮ মে, ২০১৯ তারিখে উপজেলা প্রশাসন, বটিয়াঘাটা কর্তৃক আয়োজিত 'স্থানীয় পর্যায়ে টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) বাস্তবায়ন বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা, ২০১৯' এ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।

## ভূমি সেবা সপ্তাহ ও ভূমি উন্নয়ন কর মেলা, ২০১৯

৯ এপ্রিল, ২০১৯ তারিখে 'নিয়মিত ভূমি উন্নয়ন কর পরিশোধ করুন, দেশের উন্নয়নে অবদান রাখুন' এ প্রতিপাদ্যকে সামনে রেখে জেলা প্রশাসন, খুলনা'র আয়োজনে ভূমি সেবা সপ্তাহ ও ভূমি উন্নয়ন কর মেলা, ২০১৯ অনুষ্ঠিত হয়। এ উপলক্ষে আয়োজিত বর্ণাঢ্য র্যালি ও মেলার শুভ উদ্বোধন করেন খুলনা সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র তালুকদার আব্দুল খালেক। জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনের নেতৃত্বে জেলা প্রশাসনের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ এ সময় উপস্থিত ছিলেন।




ভূমি সেবা সপ্তাহ ও ভূমি উন্নয়ন কর মেলা, ২০১৯ উপলক্ষে বর্ণাঢ্য র্যালি ও মেলার শুভ উদ্বোধন করেন খুলনা সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র তালুকদার আব্দুল খালেক

## জেলা প্রশাসক, খুলনা'র ডুমুরিয়া থানা ও ভূমি অফিস পরিদর্শন

১৪ মে, ২০১৯ তারিখে খুলনা জেলার ডুমুরিয়া থানা পরিদর্শন করেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন। এসময় তিনি থানায় রক্ষিত পরিদর্শন বইয়ে স্বাক্ষর করেন। অতঃপর তিনি উপজেলা ভূমি অফিস, ডুমুরিয়া সরেজমিনে পরিদর্শন করেন এবং ২০০ মিটার দীর্ঘ রাস্তার ফলক উন্মোচন করেন। এসময় তিনি উপস্থিত সেবা গ্রহীতাদের সাথে সরাসরি কথা বলেন এবং তাদের সমস্যা নিরসনে তাৎক্ষণিক নির্দেশনা প্রদান করেন।



ভূমি অফিস, ডুমুরিয়ায় রাস্তার ফলক উন্মোচন করছেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন



ডুমুরিয়া ভূমি অফিসে উপস্থিত সেবা গ্রহীতাদের সাথে কথা বলছেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন

## আন্তর্জাতিক নারী দিবস, ২০১৯ উদযাপন

আন্তর্জাতিক নারী দিবস, ২০১৯ উপলক্ষে ৯ মার্চ, ২০১৯ তারিখে জেলা প্রশাসন ও মহিলা বিষয়ক অধিদপ্তর, খুলনা'র আয়োজনে অনুষ্ঠিত হয় র্যালি, আলোচনা সভা ও মেলার শুভ উদ্বোধন। এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র তালুকদার আব্দুল খালেক এবং সভাপতিত্ব করেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।




আন্তর্জাতিক নারী দিবসের আলোচনা সভা ও মেলার উদ্বোধন অনুষ্ঠানে বক্তব্য রাখছেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন

## সাপ্তাহিক গণশুনানিতে জেলা প্রশাসক, খুলনা

১০ এপ্রিল, ২০১৯ তারিখে সাপ্তাহিক গণশুনানিতে জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন খুলনা জেলার বিভিন্ন প্রান্ত থেকে আগত সর্বস্তরের জনসাধারণের নানাবিধ সমস্যার কথা শোনেন এবং তাদের দুর্ভোগ নিরসনের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেন।






সাপ্তাহিক গণশুনানিতে জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন

## খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়ের ওরিয়েন্টেশন, ২০১৯ এবং শিক্ষা কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠানে মাননীয় শিক্ষামন্ত্রী

দক্ষিণ-পশ্চিমাঞ্চলের দীর্ঘদিনের প্রতীক্ষিত খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়ের ওরিয়েন্টেশন, ২০১৯ এবং শিক্ষা কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠান আয়োজিত হয় ৪ এপ্রিল, ২০১৯ তারিখে। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ডা. দীপু মনি, এমপি। এসময় আরো উপস্থিত ছিলেন মাননীয় শ্রম প্রতিমন্ত্রী বেগম মন্নুজান সুফিয়ান, এমপি, সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র তালুকদার আব্দুল খালেক, শিক্ষা মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মোঃ সোহরাব হোসাইন, মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-২ ওয়াহিদা আক্তার, বিভাগীয় কমিশনার, খুলনা লোকমান হোসেন মিয়া এবং জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।



খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়ের ওরিয়েন্টেশন অনুষ্ঠানে মাননীয় শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি, এমপি

## NUBTK Job Fair, 2019 এর উদ্বোধনী অনুষ্ঠান

১০ এপ্রিল, ২০১৯ তারিখে NUBTK Job Fair, 2019 এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন। এ সময় তিনি বেকারত্ব দূরীকরণে চাকুরির পাশাপাশি উদ্যোক্তা তৈরির প্রতি গুরুত্বারোপ করেন।




NUBTK Job Fair, 2019 এর উদ্বোধনী অনুষ্ঠানে জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন

## প্রথম খুলনা জেলা প্রশাসক বিতর্ক টুর্নামেন্ট, ২০১৯

২৪ এপ্রিল, ২০১৯ তারিখে 'প্রথম খুলনা জেলা প্রশাসক বিতর্ক টুর্নামেন্ট, ২০১৯'-এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে টুর্নামেন্টের উদ্বোধন করেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন। এ সময় তিনি ছাত্র-ছাত্রীদের মেধা ও মননের বিকাশে বিতর্ক প্রতিযোগিতার ভূমিকা তুলে ধরে বক্তব্য রাখেন।




'প্রথম খুলনা জেলা প্রশাসক বিতর্ক টুর্নামেন্ট, ২০১৯'-এর উদ্বোধনী অনুষ্ঠানে জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হসেন

## বিভিন্ন স্কুলের ছাত্র-ছাত্রীদের অবিভাবকবৃন্দের সাথে একাদশ শ্রেণিতে ভর্তি বিষয়ে মতবিনিময়

১৩ মে, ২০১৯ তারিখে একাদশ শ্রেণিতে ভর্তি বিষয়ে খুলনা জিলা স্কুল ও করোনেশন স্কুল হতে এসএসসি পাসকৃত ছাত্র-ছাত্রীদের অবিভাবকবৃন্দের সাথে মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।




একাদশ শ্রেণিতে ভর্তি সংক্রান্ত মতবিনিময় সভায় জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন

## 'বিজ্ঞান শিক্ষাই বিজ্ঞানমনস্ক জাতি গঠনের নিয়ামক শক্তি' শীর্ষক সেমিনার



'বিজ্ঞান শিক্ষাই বিজ্ঞানমনস্ক জাতি গঠনের নিয়ামক শক্তি' শীর্ষক সেমিনারে বিভাগীয় কমিশনার, খুলনা লোকমান হোসেন মিয়া

১৫ মে, ২০১৯ তারিখে বিভাগীয় প্রশাসন, খুলনা কর্তৃক আয়োজিত 'বিজ্ঞান শিক্ষাই বিজ্ঞানমনস্ক জাতি গঠনের নিয়ামক শক্তি' শীর্ষক সেমিনার, ২০১৯ এ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিভাগীয় কমিশনার, খুলনা লোকমান হোসেন মিয়া এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।



# জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৯৯তম জন্মবার্ষিক ও জাতীয় শিশু দিবস, ২০১৯ উদযাপন





জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৯৯তম জন্মবার্ষিক ও জাতীয় শিশু দিবস, ২০১৯ উপলক্ষে পুষ্পস্তবক অর্পণ ও আলোচনা সভা

১৭ মার্চ, ২০১৯ তারিখে জেলা প্রশাসন খুলনার উদ্যোগে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৯৯তম জন্মবার্ষিক ও জাতীয় শিশু দিবস, ২০১৯ যথাযোগ্য মর্যাদায় ও আনন্দঘন পরিবেশে উদযাপিত হয়। দিনব্যাপী নানা আয়োজনের মধ্যে উল্লেখযোগ্য ছিল সকাল ৮টায় বর্ণাঢ্য র‌্যালি ও বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, খুলনার জেলা প্রশাসক মোহাম্মদ হেলাল হোসেনের সভাপতিত্বে শিশু সমাবেশ, দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান, সন্ধ্যায় জাতির পিতার জীবনাদর্শের উপর তথ্য ভিত্তিক ভ্রাম্যমাণ চলচ্চিত্র প্রদর্শনী। এছাড়া দুঃস্থ ও ভবঘুরে শিশুদের উন্নত মানের খাবার পরিবেশন এবং বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ী শিশুদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

## ২০১৮-১৯ অর্থবছরে শিক্ষাবৃত্তির মঞ্জুরিপ্রাপ্ত ছাত্র-ছাত্রীদের অনুকূলে চেক বিতরণ অনুষ্ঠান

১৭ মে, ২০১৯ তারিখে খুলনা ট্রাস্টের তহবিল হতে ২০১৮-১৯ অর্থবছরে শিক্ষাবৃত্তির মঞ্জুরিপ্রাপ্ত ছাত্র-ছাত্রীদের অনুকূলে চেক বিতরণ অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন। এসময় তিনি বৃত্তিপ্রাপ্ত ছাত্র-ছাত্রীদের মাঝে চেক বিতরণ করেন।




চেক বিতরণ অনুষ্ঠানে জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন

## ২০১৮-১৯ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ কর্মসূচির আওতায় চেক প্রদান অনুষ্ঠান

৩১ মে, ২০১৯ তারিখে জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনের সভাপতিত্বে ২০১৮-১৯ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ কর্মসূচির আওতায় গৃহীত প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত নগদ অর্থের চেক এবং ঐচ্ছিক তহবিলের চেক বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বঙ্গবন্ধুর ভ্রাতুস্পুত্র ও খুলনা-২ আসনের মাননীয় সংসদ সদস্য সেখ সালাহউদ্দিন জুয়েল।



গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ কর্মসূচির আওতায় চেক প্রদান অনুষ্ঠানে বক্তব্য রাখছেন খুলনা-২ আসনের মাননীয় সংসদ সদস্য সেখ সালাহউদ্দিন জুয়েল

## দুঃস্থ রোগীদের মাঝে আর্থিক অনুদানের চেক বিতরণ

২ এপ্রিল, ২০১৯ তারিখে ক্যান্সার, কিডনি, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড ও জন্মগতভাবে হৃদরোগীদের মাঝে এককালীন আর্থিক অনুদানের চেক বিতরণ করেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন। এসময় তিনি তাদের স্বাস্থ্য এবং চিকিৎসা সম্পর্কে খোঁজ খবর নেন।



দুঃস্থ রোগীদের মাঝে আর্থিক অনুদানের চেক বিতরণ অনুষ্ঠানে জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন

## পুনর্বাসিত ভিক্ষুকদের মাঝে উপকরণ সামগ্রী বিতরণ

১৪ মার্চ, ২০১৯ তারিখে জেলা প্রশাসন, খুলনা'র আয়োজনে জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনের সভাপতিত্বে 'পুনর্বাসিত ভিক্ষুকদের মাঝে উপকরণ সামগ্রী বিতরণ' অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি এবং বিশেষ অতিথি ছিলেন বিভাগীয় কমিশনার, খুলনা লোকমান হোসেন মিয়া।



পুনর্বাসিত ভিক্ষুকদের মাঝে উপকরণ সামগ্রী বিতরণ করেন মাননীয় জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি

## 'দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কার্যক্রমঃ বর্তমান অবস্থা ও ভবিষ্যৎ করণীয়' শীর্ষক সেমিনার

৮ মে, ২০১৯ তারিখে সমাজসেবা অধিদপ্তর, খুলনা কর্তৃক আয়োজিত 'দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কার্যক্রমঃ বর্তমান অবস্থা ও ভবিষ্যৎ করণীয়' এবং 'শহর সমাজসেবা কার্যক্রমের ক্ষুদ্রঋণঃ সমস্যা ও সম্ভাবনা' শীর্ষক সেমিনারে বক্তব্য রাখেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।



'দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কার্যক্রমঃ বর্তমান অবস্থা ও ভবিষ্যৎ করণীয়' শীর্ষক সেমিনারে জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন

## সুবিধা বঞ্চিত শিক্ষিত ছাত্র-ছাত্রীদের মাঝে কম্পিউটার ও আর্থিক সহায়তা প্রদান

৮ এপ্রিল, ২০১৯ তারিখে সমাজের সুবিধা বঞ্চিত শিক্ষিত ছাত্র-ছাত্রীদের মাঝে জেলা শিশু কল্যাণ বোর্ডের সভায় কম্পিউটার ও আর্থিক সহায়তা প্রদান করেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন। জেলা প্রশাসন, খুলনা ও জেলা সমাজসেবা কার্যালয়, খুলনা'র তত্ত্বাবধানে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে সুবিধা বঞ্চিত শিক্ষিত ছাত্র-ছাত্রীদের লেখাপড়ায় এগিয়ে যাওয়ার লক্ষ্যে জেলা প্রশাসন এই উদ্যোগ গ্রহণ করে।



সুবিধা বঞ্চিত শিক্ষিত ছাত্র-ছাত্রীদের মাঝে কম্পিউটার ও আর্থিক সহায়তা প্রদান করছেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন

## বেদে ও অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচির আওতায় প্রশিক্ষণ সম্পর্কিত সেমিনার

১৮ মে, ২০১৯ তারিখে ২০১৮-১৯ অর্থবছরে বেদে ও অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচির আওতায় প্রশিক্ষণ সম্পর্কিত সেমিনার এবং তৎপরবর্তী সহায়তা প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন। এসময় তিনি ৫০ জন দলিত ও হরিজন প্রশিক্ষণার্থীকে সহায়তা প্রদান করেন।



বেদে ও অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচির আওতায় প্রশিক্ষণ সম্পর্কিত সেমিনারে জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন

## পথশিশুদের মাঝে
### ঈদ বস্ত্র বিতরণ

৩১ মে, ২০১৯ তারিখে CRC (Come for Road Child) এর আয়োজনে পথশিশুদের মাঝে ঈদ বস্ত্র বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন। এসময় তিনি পথশিশুদের মাঝে ঈদ বস্ত্র বিতরণ করেন।



পথশিশুদের মাঝে ঈদ বস্ত্র বিতরণ করছেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন

# জেলা প্রশাসন কর্তৃক পরিচালিত মোবাইল কোর্টসমূহ



৩ মার্চ, ২০১৯ তারিখ বিকেল ৪ ঘটিকায় এম ভি মারমা লঞ্চে মোবাইল কোর্ট পরিচালনা



৯ এপ্রিল, ২০১৯ তারিখে জেলা প্রশাসনের উদ্যোগে উচ্ছেদ অভিযান পরিচালনা করে খুলনায় ১৩.৩০ একর সরকারি জমি দখলমুক্তকরণ



৪ মার্চ, ২০১৯ তারিখে সরকারি ঔষধ (যা বিক্রয়ের জন্য নয়) বিক্রয় বন্ধে মোবাইল কোর্ট পরিচালনা



১৯ মার্চ, ২০১৯ তারিখে ফিলিং স্টেশনে মোবাইল কোর্ট পরিচালনা



২৩ মার্চ, ২০১৯ তারিখে স্কুল ছাত্রীর শালীনতাহানীর অভিযোগে অভিযুক্তকে মোবাইল কোর্টের মাধ্যমে কারাদণ্ড প্রদান



২৫ মার্চ, ২০১৯ তারিখে সড়কপথের নিরাপত্তা নিশ্চিতকল্পে মোবাইল কোর্টের অভিযান



২৮ মার্চ, ২০১৯ তারিখে ইট ভাটায় মোবাইল কোর্ট পরিচালনা



৩০ এপ্রিল, ২০১৯ তারিখে রমজান উপলক্ষে বাজার মনিটরিং ও ভেজাল বিরোধী অভিযান পরিচালনা



১১ মে, ২০১৯ তারিখে 'সেইফ এন সেইভ' চেইন শপকে বিভিন্ন অনিয়মের জন্য মোবাইল কোর্টের জরিমানা



১৮ মে, ২০১৯ তারিখে পবিত্র মাহে রমজান উপলক্ষে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ ও দ্রব্যের মান নিশ্চিতকরণে খুলনা মহানগরীর হোটেল ওয়েস্টার্ন ইন ও হোটেল রয়্যাল ইন্টারন্যাশনাল এ মোবাইল কোর্ট পরিচালনা



২০ মে, ২০১৯ তারিখে তালিকাভুক্ত নিম্নমানের ৫২ টি ভোগ্যপণ্যের বিক্রয় ও বিপণনের বিরুদ্ধে পরিচালিত হয় মোবাইল কোর্ট



২৫ মে, ২০১৯ তারিখে পবিত্র মাহে রমজান উপলক্ষে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ ও দ্রব্যের মান নিশ্চিতকরণে মোবাইল কোর্ট পরিচালনা





৯ মার্চ, ২০১৯ তারিখে 'মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮' অনুযায়ী পরিচালিত মোবাইল কোর্টের অভিযান।



১৪ এপ্রিল, ২০১৯ তারিখে 'মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮' অনুযায়ী পরিচালিত মোবাইল কোর্টের অভিযান।



৩০ মে, ২০১৯ তারিখে পরিচালিত মোবাইল কোর্টের অভিযানে হোমিও ঔষধের দোকানে রেক্টিফাইড স্পিরিট উদ্ধার।



১৭ মার্চ, ২০১৯ তারিখে খুলনা জেলা প্রশাসন, জেলা কারাগার ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের যৌথ টাস্কফোর্স খুলনা শহরে মাদকবিরোধী অভিযান পরিচালনা করে।



১৯ মার্চ, ২০১৯ তারিখে অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, খুলনার তত্ত্বাবধানে মাদকবিরোধী যৌথ টাস্কফোর্স খুলনা শহরে অভিযান পরিচালনা করে।





জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনের নেতৃত্বে অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এর অতিরিক্ত পরিচালক, কেএমপি এর উপপুলিশ কমিশনার দক্ষিণ, আনসার, সদর ওসি এবং অন্যান্য দপ্তরের সমন্বয়ে ২ এপ্রিল, ২০১৯ তারিখে মহানগরীর মরিয়ম পাড়া ও দারোগা পাড়ায় মাদকবিরোধী টাস্কফোর্স ও মোবাইল কোর্টের অভিযান পরিচালিত হয়।

## মাদকবিরোধী টাস্কফোর্সের মতবিনিময় সভা

জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন মাদকবিরোধী টাস্কফোর্সের বিভিন্ন মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে জনসচেতনতামূলক বক্তব্য রাখেন।




৫ মে, ২০১৯ তারিখে খুলনা জেলা ও মহানগরীর ইমামগণের সাথে মাদকবিরোধী টাস্কফোর্সের মতবিনিময় সভায় বক্তব্য রাখছেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।



২০ মার্চ, ২০১৯ তারিখে রূপসা উপজেলায় আয়োজিত 'উপজেলা মাদকবিরোধী টাস্কফোর্স সমাবেশ, ২০১৯' এ জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।



২৩ মার্চ, ২০১৯ তারিখে ডুমুরিয়া উপজেলায় আয়োজিত 'উপজেলা মাদকবিরোধী টাস্কফোর্স সমাবেশ, ২০১৯' এ জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।

১১ মার্চ, ২০১৯ তারিখে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনের সভাপতিত্বে জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভায় গৃহীত হয় সময়োপযোগী দুটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্তঃ ১) সুশৃঙ্খল ও শান্তিপূর্ণ পরিবেশে ৫ম উপজেলা পরিষদ নির্বাচন হবে অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ ও ২) মাদক নির্মূলে বর্তমান সরকারের 'জিরো টলারেন্স' নীতি অনুসরণে 'জেলা মাদক নির্মূল টাস্কফোর্স' এর মাধ্যমে অভিযান পরিচালনা করা।




১১ মার্চ, ২০১৯ তারিখে জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভা

## জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভা

১২ মে, ২০১৯ তারিখে জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনের সভাপতিত্বে জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী বেগম মন্নুজান সুফিয়ান এমপি।




১২ মে, ২০১৯ তারিখে জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভা

## পাটকল শ্রমিকদের আন্দোলন নিরসনে জেলা প্রশাসকের উদ্যোগ

১৮ মে, ২০১৯ তারিখে খুলনার খালিশপুরের নতুন রাস্তার মোড়ে পাটকল শ্রমিকদের চলমান আন্দোলন নিরসনকল্পে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন বিক্ষোভ-স্থলে যান এবং আন্দোলনরত শ্রমিকদের অভিযোগ ও দাবি-দাওয়ার কথা শোনেন। তিনি শ্রমিকদের উদ্দেশ্যে বলেন যে, তাদের অভিযোগ ও দাবি-দাওয়ার কথা সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও মাননীয় প্রধানমন্ত্রীর দপ্তরকে জানানো হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী খুলনা অঞ্চলের শ্রমিকদের বকেয়া ষাট কোটি টাকাসহ সমগ্র বাংলাদেশের শ্রমিকদের বকেয়া বেতন পরিশোধের ব্যাপারে আশ্বাস প্রদান করেছেন এবং শ্রমিক মজুরি কাঠামো, ২০১৫ এর যুক্তিযুক্ত অংশ বাস্তবায়নের ব্যাপারে ইতিবাচক মনোভাব পোষণ করেছেন। এসময় জেলা প্রশাসক, খুলনা শ্রমিকদেরকে সরকার তথা মাননীয় প্রধানমন্ত্রীর আশ্বাসে আশ্বস্ত হয়ে আন্দোলন কর্মসূচি থেকে নিজেদের প্রত্যাহার করে নিয়ে কাজে যোগদানের আহ্বান জানান।

২০ মে, ২০১৯ তারিখে জেলা প্রশাসকের কার্যালয়, খুলনায় নাগরিক সমাজসহ আন্দোলনরত পাটকল শ্রমিকদের একাংশ তাদের বকেয়া বেতন ও দাবি-দাওয়া মেটাতে মাননীয় প্রধানমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন বরাবর স্মারকলিপি প্রদান করেন। জেলা প্রশাসক উপস্থিত শ্রমিকদের অবহিত করেন যে, মাননীয় প্রধানমন্ত্রী ইতোমধ্যে শ্রমিকদের বকেয়া বেতন মিটিয়ে দিতে এবং শ্রমিক মজুরি কাঠামো, ২০১৫ এর যৌক্তিক অংশ মেনে নেওয়াসহ ন্যূনতম মজুরি নির্ধারণে পাট মন্ত্রণালয়সহ বিজেএমসি-কে নির্দেশনা প্রদান করেছেন। জেলা প্রশাসক এসময় শ্রমিকদের কাজে ফিরে যাবার জন্য পুনরায় অনুরোধ করেন।

২১ মে, ২০১৯ তারিখে সিবিএ-নন সিবিএ নেতৃবৃন্দ, মহানগর ও খালিশপুর শ্রমিক নেতৃবৃন্দ, পাটকল শ্রমিক নেতৃবৃন্দ ও মালিকদের সাথে মতবিনিময় করেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন। এসময় শ্রমিক-মালিক নেতৃবৃন্দ সকলের সাথে আলোচনা শেষে এ সিদ্ধান্তে উপনীত হন যে, সরকার দাবি মেনে নেওয়ায় এবং প্রশাসনের আশ্বাসে সকল পাটকল ও মিল-কারখানা চালু থাকবে এবং এক সপ্তাহের জন্য শ্রমিক আন্দোলন বন্ধ থাকবে।



আন্দোলনস্থলে সমবেত পাটকল শ্রমিকদের উদ্দেশ্যে বক্তব্য রাখছেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন



পাটকল শ্রমিকরা জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনের নিকট স্মারকলিপি প্রদান করছেন




পাটকল শ্রমিক নেতৃবৃন্দসহ সংশ্লিষ্ট সকলের সাথে জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনের মতবিনিময়

## 'বাংলাদেশের উপকূলীয় এলাকার দীর্ঘমেয়াদী পর্যবেক্ষণ, গবেষণা ও বিশ্লেষণ'-শীর্ষক সমীক্ষার উপ আঞ্চলিক মতবিনিময় কর্মশালা

২৬ এপ্রিল, ২০১৯ তারিখে পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত 'বাংলাদেশের উপকূলীয় এলাকার দীর্ঘমেয়াদী পর্যবেক্ষণ, গবেষণা ও বিশ্লেষণ' শীর্ষক সমীক্ষার উপর আঞ্চলিক মতবিনিময় কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পানিসম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জাহিদ ফারুক এমপি, গেস্ট অব অনার হিসেবে উপস্থিত ছিলেন পানিসম্পদ মন্ত্রণালয়ের মাননীয় উপমন্ত্রী এ কে এম এনামুল হক শামীম এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পানিসম্পদ মন্ত্রণালয়ের সচিব কবির বিন আনোয়ার এবং জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন। খুলনা একটি নদী-বিধৌত ও সুন্দরবন ঘেরা প্রাকৃতিক সৌন্দর্যময় উপকূলীয় জেলা হওয়ায় এর পানিসম্পদের দীর্ঘমেয়াদী পর্যবেক্ষণ, বিশ্লেষণ ও ব্যবস্থাপনার উপর গুরুত্বারোপ করে বক্তব্য রাখেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।



'বাংলাদেশের উপকূলীয় এলাকার দীর্ঘমেয়াদী পর্যবেক্ষণ, গবেষণা ও বিশ্লেষণ' শীর্ষক কর্মশালায় বক্তব্য রাখছেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন

## মহান স্বাধীনতা ও জাতীয় দিবস, ২০১৯ উদযাপন

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস, ২০১৯-এ সূর্যোদয়ের সাথে সাথে গল্লামারী শহীদ স্মৃতিসৌধে জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনের নেতৃত্বে পুষ্পস্তবক অর্পণ করে জেলা প্রশাসন, খুলনা। দিবসটি উদযাপন উপলক্ষে খুলনা জিলা স্কুলে জেলা প্রশাসন, খুলনা'র আয়োজনে বর্ণাঢ্য কুচকাওয়াজ ও শরীরচর্চা প্রদর্শনী অনুষ্ঠিত হয়। এতে উপস্থিত ছিলেন বিভাগীয় কমিশনার, খুলনা লোকমান হোসেন মিয়া এবং জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন। এ সময় বীর মুক্তিযোদ্ধাসহ সর্বস্তরের গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।




শহীদ স্মৃতিসৌধে জেলা প্রশাসন, খুলনা'র পুষ্পস্তবক অর্পণ



মহান স্বাধীনতা দিবস উপলক্ষে কুচকাওয়াজ অনুষ্ঠানে বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক, খুলনা

মুক্তিযোদ্ধারা হলেন এদেশের বীর-সন্তান। তাঁদের সর্বোচ্চ আত্মত্যাগের মাধ্যমেই অর্জিত হয়েছে আমাদের মহান স্বাধীনতা। তাঁদের সম্মানই আমাদের গৌরব। ২৬ মার্চ, ২০১৯ তারিখে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস, ২০১৯-এ বীর মুক্তিযোদ্ধাদের সম্মানার্থে আয়োজন করা হয় সংবর্ধনা অনুষ্ঠান। জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনের সভাপতিত্বে এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র তালুকদার আব্দুল খালেক এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিভাগীয় কমিশনার, খুলনা লোকমান হোসেন মিয়া।





মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা প্রদান অনুষ্ঠান

২৬ মার্চ, ২০১৯ তারিখে মহান স্বাধীনতা দিবস, ২০১৯ উপলক্ষে 'সরকারি শিশু পরিবার' এর অনাথ ও দরিদ্র শিশুদের সাথে কিছু মুহূর্ত ব্যয় করেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন। এসময় তিনি দরিদ্র শিশুদের মাঝে খাবার পরিবেশন ও তদারকি করেন। এছাড়া তিনি খুলনা জেলা কারাগার পরিদর্শন করেন এবং সেখানে উন্নতমানের খাবার পরিবেশনসহ সার্বিক ব্যবস্থাপনা পর্যবেক্ষণ করেন।



'সরকারি শিশু পরিবার' এর অনাথ ও দরিদ্র শিশুদের মাঝে খাবার পরিবেশন করছেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন

## ১২তম বিশ্ব অটিজম সচেতনতা দিবস উদযাপন

৩ এপ্রিল, ২০১৯ তারিখে 'সহায়ক প্রযুক্তির ব্যবহার, অটিজম বৈশিষ্ট্য সম্পন্ন ব্যক্তির অধিকার' প্রতিপাদ্যকে সামনে রেখে ১২তম বিশ্ব অটিজম সচেতনতা দিবস উদযাপিত হয়। এ উপলক্ষে আয়োজিত আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র তালুকদার আব্দুল খালেক। আলোচনা সভায় জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন অটিজম বৈশিষ্ট্য সম্পন্ন শিশুদের বিকাশে জেলা প্রশাসনের উদ্যোগগুলো তুলে ধরে সার্বিক সহযোগিতার আশ্বাস দেন।



বিশ্ব অটিজম সচেতনতা দিবসের আলোচনা সভায় বক্তব্য রাখছেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন

## অটিস্টিক শিশুদের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান

১১ এপ্রিল, ২০১৯ তারিখে আঞ্জুমান-আরা শিশু বিকাশ বিদ্যাপীঠের অটিজম বৈশিষ্ট্য সম্পন্ন শিশুদের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিশুদের মাঝে কিছু সময় কাটান জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।



অটিস্টিক শিশুদের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন

## আন্তর্জাতিক যুব ক্রিকেট টুর্নামেন্ট, ২০১৯ এর পুরস্কার বিতরণ

১২ মে, ২০১৯ তারিখে আন্তর্জাতিক যুব ক্রিকেট টুর্নামেন্ট, ২০১৯ এ বাংলাদেশ অনূর্ধ্ব-১৬ বনাম পাকিস্তান অনূর্ধ্ব-১৬ ম্যাচে পুরস্কার বিতরণ করেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন। এসময় উপস্থিত ছিলেন বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের সাবেক ক্রিকেটার মেহরাব হোসেন অপি।




আন্তর্জাতিক যুব ক্রিকেট টুর্নামেন্ট, ২০১৯ এর পুরস্কার বিতরণ অনুষ্ঠানে জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন

## 'জাতীয় স্বাস্থ্য সেবা সপ্তাহ, ২০১৯' উদযাপন

১৭ এপ্রিল, ২০১৯ তারিখে 'জাতীয় স্বাস্থ্য সেবা সপ্তাহ, ২০১৯' উদযাপন উপলক্ষে স্বাস্থ্য সচেতনতা, পুষ্টি ও খাদ্য বিষয়ক আলোচনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় মেয়র তালুকদার আব্দুল খালেক এবং সভাপতিত্ব করেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন। এ সময় সভাপতি তৃণমূল পর্যায়ে স্বাস্থ্য সচেতনতা সৃষ্টিতে সর্বস্তরের জনগণকে এগিয়ে আসার অনুরোধ করেন এবং জেলা প্রশাসনের নানা উদ্যোগ তুলে ধরেন।



'জাতীয় স্বাস্থ্য সেবা সপ্তাহ, ২০১৯' উদযাপন উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় বক্তব্য রাখছেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন

## ল্যাক্টেটিং মাদারদের স্বাস্থ্যসেবায় 'হেলথ ক্যাম্প'

২০ মার্চ, ২০১৯ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগের অন্যতম উদ্যোগ 'সামাজিক নিরাপত্তা কর্মসূচি' এর আওতায় ল্যাক্টেটিং মাদারদের সহায়তায় আয়োজিত 'হেলথ ক্যাম্প' এ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন ।

ল্যাক্টেটিং মাদারদের স্বাস্থ্যসেবায় আয়োজিত 'হেলথ ক্যাম্প'-এ জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন






'মুছে যাক গ্লানি ঘুঁচে যাক জরা
অগ্নিস্নানে শুচি হোক ধরা......'




পহেলা বৈশাখের শুভেচ্ছা কার্ড

**জরা জীর্ণতাকে** পিছনে ফেলে নতুনকে আহ্বান করার মধ্য দিয়ে ১৪ এপ্রিল, ২০১৯ তারিখে সমগ্র দেশের ন্যায় খুলনাতেও উদযাপিত হয় ১৪২৬ বঙ্গাব্দের প্রথম দিনটি। বর্ষবরণের উৎসব বাঙালির সহস্র বছরের চিরায়ত প্রথা ও ঐতিহ্যের ধারক। পহেলা বৈশাখের প্রতিটি অনুষঙ্গ বাঙালি জাতিসত্তার পরিচায়ক। সরকারি ছুটির এই দিনটি খুলনাবাসী শুরু করে মঙ্গল শোভাযাত্রার মধ্য দিয়ে, যা শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। খুলনার সর্বস্তরের মানুষ এই মঙ্গল শোভাযাত্রায় অংশ নেয়। শোভাযাত্রা শেষে পান্তা-ইলিশ খাওয়ার মাধ্যমে বাঙালির হারানো ঐতিহ্যকে ধারণ করার চেষ্টা করা হয়। বর্ষবরণ উপলক্ষে জেলা প্রশাসন, খুলনা'র আয়োজনে অনুষ্ঠিত হয় বর্ষবরণ উৎসব। এতে খুলনার সর্বস্তরের মানুষ অংশগ্রহণ করে। বর্ষবরণ উৎসবে আতিথ্য গ্রহণ করেন শ্রম মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী বেগম মন্নুজান সুফিয়ান, এমপি। এছাড়া বিভাগীয় কমিশনার, খুলনা লোকমান হোসেন মিয়া ও জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনের নেতৃত্বে বিভাগীয় প্রশাসন ও জেলা প্রশাসনের কর্মকর্তাগণ বর্ষবরণ উৎসবে অংশগ্রহণ করেন। জেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তারাও এ উৎসবে যোগ দেন। এ দিন সকলে সজ্জিত হন বর্ণিল পোশাকে। গান, কবিতা আবৃত্তি, জাদু প্রদর্শনের মধ্য দিয়ে জমে ওঠে বর্ষবরণের উৎসব।




পহেলা বৈশাখের মঙ্গল শোভাযাত্রায় খুলনা সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র তালুকদার আব্দুল খালেক




মাননীয় প্রতিমন্ত্রী বেগম মন্নুজান সুফিয়ান এঁর সাথে কর্মকর্তাবৃন্দ উৎসবের আনন্দ ভাগাভাগি করছেন




উৎসবের শুরুতে বক্তব্য রাখছেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন




বর্ণিল সাজে জেলা প্রশাসনের কর্মকর্তাগণ

## খুলনায় বিভিন্ন কর্মসূচিতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী

৩ এপ্রিল, ২০১৯ তারিখে জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত হয় খুলনা জেলার শেখ রাসেল ডিজিটাল ল্যাবের সাথে সম্পর্কিত ইনফো সরকার ফেইজ-৩ এর সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দের সাথে মতবিনিময় সভা এবং 'প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন প্রকল্প' শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচি পরিদর্শন ও মতবিনিময় সভা। দু'টি অনুষ্ঠানেই প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক, এমপি। এসময় আরো উপস্থিত ছিলেন বিভাগীয় কমিশনার, খুলনা লোকমান হোসেন মিয়া, জেলার সকল উপজেলা নির্বাহী অফিসার, শিক্ষকবৃন্দ ও প্রশিক্ষণার্থীবৃন্দ।




ইনফো সরকার ফেইজ-৩ এর সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দের সাথে মতবিনিময় সভায় মাননীয় প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক, এমপি



'প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন প্রকল্প' শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচিতে মাননীয় প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক, এমপি

## রমজানে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণসহ রমজানের পবিত্রতা রক্ষায় ব্যবসায়ী ও সুশীল সমাজের প্রতিনিধিদের সাথে মতবিনিময়

১৬ এপ্রিল, ২০১৯ তারিখে যথাযোগ্য মর্যাদায় পবিত্র মাহে রমজান পালন উপলক্ষে ও দ্রব্যমূল্য নিয়ন্ত্রণসহ রমজানের পবিত্রতা রক্ষার নিমিত্তে জেলা প্রশাসন, খুলনা'র আয়োজনে ব্যবসায়ী ও সুশীল সমাজের প্রতিনিধিদের সাথে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। এতে উপস্থিত ছিলেন খুলনা সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র তালুকদার আব্দুল খালেক, বিভাগীয় কমিশনার, খুলনা লোকমান হোসেন মিয়া এবং জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন। আরো উপস্থিত ছিলেন পুলিশ সুপার, খুলনা, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খুলনা জিয়াউর রহমানসহ জেলা প্রশাসনের কর্মকর্তাবৃন্দ।




রমজান উপলক্ষে ব্যবসায়ী ও সুশীল সমাজের সাথে মতবিনিময় সভায় মাননীয় মেয়র তালুকদার আব্দুল খালেক

## রমজান মাসে জেলা প্রশাসক, খুলনার বাজার পরিদর্শন

পবিত্র মাহে রমজানে নিত্যপ্রয়োজনীয় পণ্যের বাজারদর পর্যবেক্ষণ ও মানসম্মত পণ্য সামগ্রীর বিপণন নিশ্চিত করতে বাজার পরিদর্শন করেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন। এসময় তিনি ইফতারের দোকান, কাঁচা বাজার, বস্ত্রালয়সহ বিভিন্ন দোকানে বাজার দর ও বাজার পরিস্থিতি মনিটরিং করেন। এছাড়া নগরীর বেশ কয়েকটি অভিজাত আবাসিক হোটেলের নিরাপত্তা ব্যবস্থা সরেজমিনে পর্যবেক্ষণ করেন। বাজার পরিদর্শনকালে তাঁর সাথে ছিলেন পুলিশ সুপার, খুলনা, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খুলনা এবং অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা।



৭ মে, ২০১৯ তারিখে বাজার পরিদর্শন করছেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন



১৭ মে, ২০১৯ তারিখে আবাসিক হোটেলসমূহের নিরাপত্তা ব্যবস্থা পর্যবেক্ষণ করেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন

## দুঃস্থ ও এতিম শিশুদের সাথে ইফতারে জেলা প্রশাসক, খুলনা

৭ মে, ২০১৯ তারিখে পবিত্র মাহে রমজানের প্রথম দিনে জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন 'সরকারি শিশু পরিবার (বালক)'-এ দুঃস্থ ও এতিম শিশুদের সাথে ইফতার করেন। এসময় তাঁর সাথে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খুলনা জিয়াউর রহমানসহ জেলা প্রশাসনের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।



দুঃস্থ ও এতিম শিশুদের সাথে ইফতার করছেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন

## জেলা প্রশাসন, খুলনা কর্তৃক আয়োজিত ইফতার মাহফিল

২০ মে, ২০১৯ তারিখে জেলা প্রশাসন, খুলনা কর্তৃক আয়োজিত ইফতার ও দোয়া মাহফিলে উপস্থিত ছিলেন বঙ্গবন্ধুর ভ্রাতুষ্পুত্র ও খুলনা-২ আসনের মাননীয় সংসদ সদস্য সেখ সালাহউদ্দিন জুয়েল, খুলনা সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র তালুকদার আব্দুল খালেক, বিভাগীয় কমিশনার, খুলনা লোকমান হোসেন মিয়াসহ রাজনীতিবিদ, সাংবাদিক এবং খুলনা বিভাগ ও খুলনা জেলার বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ। জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন আমন্ত্রিত অতিথিদের অভ্যর্থনা জানান এবং তাঁদেরকে সাথে নিয়ে ইফতার ও দোয়া মাহফিলে অংশগ্রহণ করেন।



ইফতার মাহফিলে আগত অতিথিদের একাংশ




ইফতার মাহফিলে অতিথিবৃন্দের সাথে জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন

## 'হজযাত্রী প্রশিক্ষণ কর্মশালা, ২০১৯' এর শুভ উদ্বোধন

২৮ মে, ২০১৯ তারিখে ধর্মবিষয়ক মন্ত্রণালয়ের আওতায় সরকারি ও বেসরকারি ব্যবস্থাপনায় 'হজযাত্রী প্রশিক্ষণ কর্মশালা, ২০১৯' এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।




'হজযাত্রী প্রশিক্ষণ কর্মশালা, ২০১৯' এর উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন

## 'বিশ্ব টেলিযোগাযোগ ও তথ্য সংঘ দিবস, ২০১৯' উদযাপন

১৮ মে, ২০১৯ তারিখে 'বিশ্ব টেলিযোগাযোগ ও তথ্য সংঘ দিবস, ২০১৯' উদযাপন উপলক্ষে জেলা প্রশাসন খুলনা'র আয়োজনে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খুলনা জিয়াউর রহমানের নেতৃত্বে এক বর্ণাঢ্য র‍্যালি শেষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খুলনা। আরো উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোঃ ইউসুপ আলী।




'বিশ্ব টেলিযোগাযোগ ও তথ্য সংঘ দিবস, ২০১৯' উদযাপন উপলক্ষে বর্ণাঢ্য র‍্যালি

## বিভিন্ন দেশের আর্মি, এয়ারফোর্স ও বাংলাদেশ সরকারের যুগ্মসচিবসহ সম্মানিত ডেলিগেটসবৃন্দের সাথে মতবিনিময়

৫ মার্চ, ২০১৯ তারিখে NDC Course, 2019 এর Study Tour এ খুলনা বিভাগে বিভিন্ন দেশ (শ্রীলঙ্কা, নেপাল, ইংল্যান্ড, কুয়েত) থেকে আগত আর্মি, এয়ারফোর্স ও বাংলাদেশ সরকারের যুগ্মসচিবসহ সম্মানিত ডেলিগেটসবৃন্দের সাথে মতবিনিময় সভায় বিভাগীয় কমিশনার, খুলনা লোকমান হোসেন মিয়ার সভাপতিত্বে অংশগ্রহণ করেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।



ডেলিগেটসবৃন্দের সাথে মতবিনিময় সভা

## ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি, ২০১৯ উপলক্ষে জেলা সমন্বয় সভা

২৪ এপ্রিল, ২০১৯ তারিখে ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি, ২০১৯ উপলক্ষে আয়োজিত জেলা সমন্বয় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে দিকনির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন। এসময় জেলা প্রশাসন এবং নির্বাচন কমিশনের জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।




ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি, ২০১৯ উপলক্ষে জেলা সমন্বয় সভায় জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন

## উপজেলা পরিষদ নির্বাচন, ২০১৯ এর ভোটগ্রহণ পরিদর্শন

৩১ মার্চ, ২০১৯ তারিখে খুলনা জেলার ৮টি উপজেলায় অনুষ্ঠিত হয় ৫ম উপজেলা পরিষদ নির্বাচন, ২০১৯। জেলা প্রশাসন, এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণ এবং সকল আইন-শৃঙ্খলা বাহিনীর সমন্বয়ে এই নির্বাচন সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন হয়। উৎসবমুখর পরিবেশে ভোটারগণ নির্বিঘ্নে ভোট দিয়ে বাড়ি ফেরেন। ভোট গ্রহণ কার্যক্রম পরিদর্শন করেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন। এসময় সাথে ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খুলনা ও রিটার্নিং অফিসার জিয়াউর রহমান এবং পুলিশ সুপার, খুলনা।



উপজেলা পরিষদ নির্বাচন, ২০১৯ এর ভোটগ্রহণ কার্যক্রম পরিদর্শন করছেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন

## নবনির্বাচিত উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানগণের শপথ গ্রহণ অনুষ্ঠান

১৩ মে, ২০১৯ তারিখে খুলনা বিভাগের খুলনা ও যশোর জেলার নবনির্বাচিত উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানগণের শপথ গ্রহণ অনুষ্ঠিত হয়। এতে শুভেচ্ছা বক্তব্য রাখেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিভাগীয় কমিশনার, খুলনা লোকমান হোসেন মিয়া।



শপথ গ্রহণ অনুষ্ঠানে বক্তব্য রাখছেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন

## ৩৭তম বিসিএস এ নিয়োগপ্রাপ্ত সহকারী কমিশনারদের বরণ

৮ এপ্রিল, ২০১৯ তারিখে জেলা প্রশাসকের কার্যালয়, খুলনায় নবনিয়োগপ্রাপ্ত ৩৭তম বিসিএস এর ৫ জন সহকারী কমিশনারকে ফুল দিয়ে বরণ করে নেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন। এ সময় জেলা প্রশাসনের অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত থেকে নতুন অফিসারগণকে শুভেচ্ছা জানান।



জেলা প্রশাসক, খুলনা এঁর নিকট থেকে ফুলেল শুভেচ্ছা গ্রহণ করছেন ৩৭তম বিসিএসের নবীন কর্মকর্তা

## 'কালেক্টর' পদের ২৪৭ বছর পূর্তি উপলক্ষে আলোচনা সভা

১৫ মে, ২০১৯ তারিখে 'কালেক্টর' পদের ২৪৭ বছর পূর্তি উপলক্ষে জেলা প্রশাসকের কার্যালয়, খুলনায় এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে আলোচনায় অংশগ্রহণ করেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।




'কালেক্টর' পদের ২৪৭ বছর পূর্তি উপলক্ষে আলোচনা সভায় জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন

## বাৎসরিক ৬০ ঘণ্টাব্যাপী প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন

১৬ মে, ২০১৯ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন গণকর্মচারীদের জন্য বাৎসরিক ৬০ ঘণ্টাব্যাপী প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন। এসময় তিনি কর্মচারীদের উদ্দেশ্যে দিকনির্দেশনামূলক বক্তব্য রাখেন।




বাৎসরিক ৬০ ঘণ্টাব্যাপী প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানে জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন

## মাননীয় প্রধানমন্ত্রীর অর্থনৈতিক বিষয়ক উপদেষ্টা ও সংসদ সদস্যগণের আগমনে জেলা প্রশাসকের ফুলেল শুভেচ্ছা

১৮ মে, ২০১৯ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর অর্থনৈতিক বিষয়ক উপদেষ্টা ড. মসিউর রহমান, বাংলাদেশ আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক মোঃ মাহবুব উল আলম হানিফ এমপি এবং জাতীয় সংসদের হুইপ আবু সাইদ আল মাহমুদ স্বপন এমপির খুলনা সার্কিট হাউসে আগমন উপলক্ষে তাঁদের ফুল দিয়ে শুভেচ্ছা জানান জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।



সার্কিট হাউজে আগত অতিথিবৃন্দকে ফুলেল শুভেচ্ছায় সিক্ত করেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন

## গ্রাম আদালত বিষয়ক রিফ্রেসার্স প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠান

৩০ মে, ২০১৯ তারিখে গ্রাম আদালত বিষয়ক রিফ্রেসার্স প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন। এসময় আরো উপস্থিত ছিলেন উপ-পরিচালক, স্থানীয় সরকার ইসরাত জাহান।



গ্রাম আদালত বিষয়ক রিফ্রেসার্স প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন

## তথ্য অধিকার আইন, ২০০৯ সংক্রান্ত মতবিনিময় সভা

১৬ এপ্রিল, ২০১৯ তারিখে জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনের সভাপতিত্বে তথ্য অধিকার আইন, ২০০৯ সংক্রান্ত মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রধান তথ্য কমিশনার মরতুজা আহমদ এবং বিশেষ অতিথি হিসেবে ছিলেন বিভাগীয় কমিশনার, খুলনা লোকমান হোসেন মিয়া।




তথ্য অধিকার আইন, ২০০৯ সংক্রান্ত মতবিনিময় সভায় বক্তব্য রাখছেন প্রধান তথ্য কমিশনার মরতুজা আহমদ



## জেলা প্রশাসনের রবীন্দ্র জয়ন্তী উদযাপন

৮ মে, ২০১৯ তারিখে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৫৮তম জন্মবার্ষিক উপলক্ষে ফুলতলার দক্ষিণডিহির রবীন্দ্র কমপ্লেক্সে রবীন্দ্রমেলার উদ্বোধনী অনুষ্ঠান আয়োজিত হয়। এছাড়া কবির পিতৃপুরুষের ভিটা পিঠাভোগে রবীন্দ্র স্মৃতি সংগ্রহশালার প্রধান ফটকের শুভ উদ্বোধন করা হয়। এ অনুষ্ঠান দু'টিতে সভাপতির পদ আলংকৃত করেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন। কবির জন্মবার্ষিক উপলক্ষে আলোচনা সভা শেষে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।



ফুলতলার দক্ষিণডিহির রবীন্দ্র কমপ্লেক্সে রবীন্দ্রমেলার উদ্বোধনী অনুষ্ঠানে জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন



পিঠাভোগে রবীন্দ্র স্মৃতি সংগ্রহশালার প্রধান ফটকের উদ্বোধনী অনুষ্ঠানে জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন

## ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্ত মানুষের মাঝে ত্রাণসামগ্রী বিতরণ

১৭ এপ্রিল, ২০১৯ তারিখে ঘূর্ণিঝড় আক্রান্ত ও লবণাক্ততাপ্রবণ উপজেলা দাকোপ পরিদর্শনকালে জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন ক্ষতিগ্রস্ত মানুষের মাঝে টিন, নগদ অর্থ ও ত্রাণসামগ্রী বিতরণ করেন। এসময় তিনি সাইক্লোন প্রিপ্রেয়ারডনেস প্রোগ্রাম (সিপিপি) কর্তৃক আয়োজিত ২ দিনব্যাপী প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন করেন এবং লবণাক্ত পানি বিশুদ্ধকরণ প্লান্ট উদ্বোধন করেন।






দাকোপ উপজেলা পরিদর্শন কালে জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন

## ঘূর্ণি ঝড় 'ফণি' মোকাবেলায় জেলা প্রশাসনের উদ্যোগ

৬ মে, ২০১৯ তারিখে জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন খুলনা জেলায় ঘূর্ণিঝড় 'ফণি' এর ক্ষয়ক্ষতি সরেজমিনে নিরূপণ ও ক্ষতিগ্রস্তদের পুনর্বাসনের লক্ষ্যে প্রাপ্ত সরকারি বরাদ্দ সম্পর্কে প্রেস কনফারেন্স করেন এবং একই দিনে তিনি কপোতাক্ষ নদের তীরবর্তী সর্বদক্ষিণের ও সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত উপজেলা কয়রার দুর্গম স্থানে মোটরবাইকে করে ভেঙে যাওয়া বাঁধ পরিদর্শন করেন। এসময় তিনি দ্রুত বাঁধ পুনঃনির্মাণে সরকারের সার্বিক উদ্যোগের কথা উল্লেখ করেন এবং ক্ষতিগ্রস্ত দুঃস্থ পরিবারের মাঝে ত্রাণসামগ্রী বিতরণ করেন।



'ফণি'তে ক্ষতিগ্রস্ত এলাকা পরিদর্শন করছেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন



ক্ষতিগ্রস্ত দুঃস্থ পরিবারের মাঝে ত্রাণসামগ্রী বিতরণ করছেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন






■ **সার্বিক তত্ত্বাবধানে**

**মোহাম্মদ হেলাল হোসেন**

জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা

■ **সম্পাদনায়**

**জিয়াউর রহমান**

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খুলনা ও
আহ্বায়ক, উন্নয়ন বার্তা প্রকাশনা কমিটি

**মোঃ রাকিবুল হাসান**

সহকারী কমিশনার, খুলনা ও
সদস্য, উন্নয়ন বার্তা প্রকাশনা কমিটি

**দেবাশীষ বসাক**

সহকারী কমিশনার, খুলনা ও
সদস্য সচিব, উন্নয়ন বার্তা প্রকাশনা কমিটি

**ফেসবুক পেজসমূহ ঃ**

* মিডিয়া সেল, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা
* DC Khulna